

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি কলেজ-৬ শাখা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৮

তারিখ: ১৯ পৌষ ১৪২৪

০২ জানুয়ারি ২০১৮

বিষয়: ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় অবস্থিত "আকিজ ফাউন্ডেশন কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ফিন্যান্স ব্যাংকিং ও বীমা এবং গার্হস্থ্য বিজ্ঞান বিষয় খোলার অনুমতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা এর সুপারিশ মোতাবেক ঢাকা মহানগরীর উত্তরা এলাকায় অবস্থিত "আকিজ ফাউন্ডেশন কলেজ" এ উচ্চ মাধ্যমিক পর্যায়ে ফিন্যান্স ব্যাংকিং ও বীমা এবং গার্হস্থ্য বিজ্ঞান বিষয় খোলার অনুমতি প্রদানে নিম্নোক্ত শর্তে মন্ত্রণালয়ের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ১) শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- ২) আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;
- ৩) ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না;
- ৪) কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- ৫) উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;
- ৬) সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে;
- ৭) বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে; এবং
- ৮) কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।



২-১-২০১৮

নাছিমা খানম  
সিনিয়র সহকারী সচিব

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, ঢাকা।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৩৪.০০১.১৭.৮/১(৬)

তারিখ: ১৯ পৌষ ১৪২৪

০২ জানুয়ারি ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) পরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) অধ্যক্ষ, আকিজ ফাউন্ডেশন কলেজ, উত্তরা, ঢাকা।



২১.২০১৮

নাছিয়া খানম

সিনিয়র সহকারী সচিব